# এনআইএলজি পরিচিতি

## সংক্ষিপ্ত কার্যক্রম








**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**

২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

www.nilg.gov.bd

facebook.com/NILGBD



প্রকাশকাল: ফেব্রুয়ারী, ২০২৪

# সূচিপত্র


| বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|
| এনআইএলজি পরিচিতি: পটভূমি | ৩ |
| লক্ষ্য ও উদ্দেশ্য | ৩ |
| সাংগঠনিক কাঠামো | ৪ |
| কার্যক্রম | ৪ |
| এনআইএলজি'র পরিচালনা বোর্ড | ৫ |
| প্রশিক্ষণ পরিচিতি: প্রশিক্ষণার্থী | ৫ |
| প্রশিক্ষণের ধরণ/প্রকার | ৬ |
| প্রশিক্ষন পরিধি | ৬ |
| প্রশিক্ষণ নেটওয়ার্ক | ৭ |
| উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান | ৭-৮ |
| প্রশিক্ষণ পদ্ধতি | ৮ |
| প্রশিক্ষণ উপকরণ | ৮ |
| গবেষণা ও পরিকল্পনা বিভাগের কার্যক্রম | ৯ |
| এ পর্যন্ত সম্পন্নকৃত গবেষণা কর্ম | ৯ |
| পারস্পরিক শিখন কর্মসূচি | ১০ |
| কর্মসূচি ও মূল্যায়ন বিভাগের কার্যক্রম | ১১ |
| প্রাতিষ্ঠানিক সুবিধাদি ও স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ভূমিকা | ১১ |
| গ্রন্থাগার ও প্রকাশনা | ১২ |
| ডকুমেন্টেশন | |
| নামাজঘর | ১৩ |
| টেলিভিশন কক্ষ | |
| জীম/শরীর চর্চা | |
| স্বাস্থ্য সেবা | |
| নিকটবর্তী দর্শনীয় স্থান, জনসেবা, স্বাস্থ্য সেবা এবং প্রশিক্ষণ চলাকালীন আবহাওয়া ও প্রস্তুতি | ১৪-১৫ |

# এনআইএলজি পরিচিতি

## পটভূমি

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থায় সম্পৃক্ত মানব সম্পদের উন্নয়নে নিয়োজিত একটি স্বনামধন্য জাতীয় প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ১৯৬৯ সালের ১ জুলাই তৎকালীন East Pakistan Government Educational and Training Institutions Ordinance,1961 অনুসারে স্থানীয় সরকার ইনস্টিটিউট (এলজিআই) নামে প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৮০ সালে প্রতিষ্ঠানটির নামকরণ করা হয় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)। প্রতিষ্ঠানটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন স্থানীয় সরকার সম্পর্কিত একমাত্র প্রশিক্ষণ ও গবেষণামূলক প্রতিষ্ঠান। বর্তমানে প্রতিষ্ঠানটি জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট আইন, ১৯৯২ দ্বারা পরিচালিত এবং এটি একটি সংবিধিবদ্ধ সংস্থা।

## লক্ষ্য ও উদ্দেশ্য

বাংলাদেশের স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে শক্তিশালীকরণের অন্যতম কেন্দ্র হিসেবে আত্মপ্রকাশ করার উদ্দেশ্যে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কাজ করে যাচ্ছে। প্রশিক্ষণ প্রদান ও পারস্পরিক সহযোগিতার মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি করা এবং গবেষণার মাধ্যমে বিদ্যমান আইন ও প্রশিক্ষণ পদ্ধতির প্রচলিত নীতিমালার উন্নয়নে কাজ করা এনআইএলজি'র মূল লক্ষ্য। প্রতিষ্ঠানটির সমন্বিত লক্ষ্যগুলো হলো:

- ✓ প্রশিক্ষণ প্রদান ও পারস্পারিক সহযোগিতার ভিত্তিতে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা বৃদ্ধি করা;
- ✓ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য কার্যকরী প্রশিক্ষণ প্রদান;
- ✓ স্থানীয় সরকার ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা করা এবং সংশ্লিষ্ট পলিসি প্রণয়নে পরামর্শ প্রদান;
- ✓ স্থানীয় সরকার ব্যবস্থা উন্নয়নে সহযোগিতা করা।

## সাংগঠনিক কাঠামো

ইনস্টিটিউটের প্রধান নির্বাহী হচ্ছেন মহাপরিচালক। তিনি সরকার এবং পরিচালনা বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্ব ও কর্তব্য সম্পাদন করেন। প্রতিষ্ঠানের কার্যাবলী প্রধানতঃ চারটি ভাগে বিভক্ত। যথা:

১) প্রশাসন ও সমন্বয় বিভাগ; ২) প্রশিক্ষণ ও পরামর্শ বিভাগ;
১) গবেষণা ও পরিকল্পনা বিভাগ; ৪) কর্মসূচি ও মূল্যায়ন বিভাগ।

প্রতিটি বিভাগের দায়িত্বে একজন পরিচালক নিয়োজিত আছেন। এছাড়াও যুগ্ম-পরিচালক, উপপরিচালক, সহকারী পরিচালক, গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান কর্মকর্তা, গ্রন্থাগারিক, প্রকাশনা কর্মকর্তা, হিসাবরক্ষণ কর্মকর্তা, সহকারী গবেষণা কর্মকর্তা, কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট, সহকারী প্রকাশনা কর্মকর্তা, ডকুমেন্টেশন কর্মকর্তা, প্রশাসনিক কর্মকর্তা, সহকারী গ্রন্থাগারিক এবং অডিও ভিজ্যুয়াল টেকনিক্যালসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ কর্মরত আছেন। এ প্রতিষ্ঠানে কর্মরত মোট জনবল সংখ্যা ১১৩ জন।

## কার্যক্রম

এনআইএলজি ৪টি বিভাগ এবং সংশ্লিষ্ট শাখার মাধ্যমে নিম্নলিখিত কার্যক্রমগুলো বাস্তবায়ন করে।

- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত প্রতিনিধি এবং নিয়োজিত কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করা;
- প্রায়োগিক গবেষণাসহ স্থানীয় সরকার ব্যবস্থার সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা করা;
- স্থানীয় সরকার বিষয়ে জাতীয় ও আর্ন্তজাতিক পর্যায়ে সভা, সেমিনার, কর্মশালা, ইত্যাদির আয়োজন করা;
- গবেষণা প্রতিবেদন, জার্নাল এবং বিভিন্ন ধরণের বই প্রকাশ করা;
- সরকারি, বেসরকারি এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহের অনুরোধে চাহিদা অনুযায়ী স্থানীয় সরকার বিষয়ে পরামর্শ এবং প্রশিক্ষণ প্রদান করা;
- স্থানীয় সরকার বিষয়ক প্রশিক্ষণ ও গবেষণা কাজের মাধ্যমে স্থানীয় সরকার ব্যবস্থার উন্নয়নে সহযোগিতা করা।

## এনআইএলজি পরিচালনা বোর্ড

| | | |
|---|---|---|
| ক) | মন্ত্রী, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সভাপতি |
| খ) | প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সহঃ সভাপতি |
| গ) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ঘ) | জনপ্রশাসন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদা) | সদস্য |
| ঙ) | অর্থ বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদা) | সদস্য |
| চ) | পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বা বিভাগের একজন প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদা) | সদস্য |
| ছ) | বিপিএটিসি কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| জ) | মহাপরিচালক, বিআইএম | সদস্য |
| ঝ) | মহাপরিচালক, বার্ড | সদস্য |
| ঞ) | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ট) | সরকার কর্তৃক মনোনীত ৪টি স্থানীয় সরকার প্রতিষ্ঠানের একজন করে প্রতিনিধি | সদস্য |
| ঠ) | প্রধান প্রকৌশলী, এলজিইডি | সদস্য |
| ড) | মহাপরিচালক, এনআইএলজি | সদস্য সচিব |

# প্রশিক্ষণ পরিচিতি

## প্রশিক্ষণার্থী

এনআইএলজি'র প্রশিক্ষণ কার্যক্রমের আওতায়-

- নগর এবং গ্রামীণ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নির্বাচিত প্রতিনিধি যেমন- ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্য, উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও সদস্য, জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্য এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার মেয়র ও কাউন্সিলরগণ;
- স্থানীয় সরকার ব্যবস্থার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা যেমন-পরিচালক, স্থানীয় সরকার (ডিএলজি), উপপরিচালক (ডিডিএলজি), জেলা পরিষদ ও পৌরসভার প্রধান নির্বাহী, পৌর নির্বাহী কর্মকর্তা ও অন্যান্য কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা ও উপজেলা রিসোর্স টিমের অন্যান্য সদস্য;
- ইউনিয়ন পরিষদ ও পৌরসভার সচিবগণ;
- ইউনিয়ন পরিষদ এর হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর;

- ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ বাহিনীর সদস্য;
- এনআইএলজি'র নিজস্ব কর্মকর্তা এবং কর্মচারী এবং
- উন্নয়ন সহযোগী বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীগণ।

## প্রশিক্ষণের ধরণ/প্রকার

এনআইএলজি, প্রশিক্ষণার্থীগণের চাহিদার সাথে সমন্বয় রেখে সাধারণতঃ ০৬ (ছয়) ধরণের প্রশিক্ষণ আয়োজন করে। যেমন-

- বুনিয়াদি প্রশিক্ষণ;
- মৌলিক (অবহিতকরণ) প্রশিক্ষণ;
- বিশেয়ায়িত প্রশিক্ষণ;
- রিফ্রেসার্স প্রশিক্ষণ;
- প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি)
- সরকরি, বেসরকারি এবং উন্নয়ন সহযোগী সংস্থার চাহিদা-ভিত্তিক প্রশিক্ষণ।

## প্রশিক্ষণ পরিধি

এনআইএলজি'র প্রশিক্ষণ পরিধি নিম্নরূপঃ

- স্থানীয় সরকার সম্পর্কিত আইন, বিধিমালা, নীতিমালা;
- সুশাসন;
- আর্থিক ব্যবস্থাপনা (বাজেট, ক্রয়, কর, হিসাব ও নিরীক্ষা);
- অফিস ব্যবস্থাপনা;
- স্থানীয় পর্যায়ে পরিকল্পনা ও উন্নয়ন;
- জেন্ডার ইস্যু;
- পরিবেশ সংরক্ষণ ও দুর্যোগ ব্যবস্থাপনা;
- স্থানীয় পর্যায়ে বিচার ব্যবস্থাপনা (যেমন-গ্রাম আদালত, বিরোধ মীমাংসা বোর্ড)
- এসডিজি অনুযায়ী বিভিন্ন উন্নয়নমূলক বিষয়;
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রাথমিক ধারণা;
- জন্ম-মৃত্যু নিবন্ধন, শিশু অধিকার, বাল্য বিবাহ ও যৌতুক নিরোধ,

স্যানিটেশন, ধুমপান, মাদক ও তামাক নিয়ন্ত্রণ,  ইত্যাদি;

- সংশ্লিষ্ট আইন (মুসলিম, হিন্দু, পারিবারিক আইন, গ্রাম আদালত সংশ্লিষ্ট আইন, দুর্নীতি দমন আইন, সন্ত্রাস ও জঙ্গীবাদ এবং চোরাচালান প্রতিরোধ আইন ইত্যাদি);
- পারস্পরিক শিখন কর্মসূচি;
- জাতীয় শুদ্ধাচার কৌশল, ডিজিটাল বাংলাদেশ এবং উদ্ভাবন ইত্যাদি।

## প্রশিক্ষণ নেটওয়ার্ক

এনআইএলজি, পরিকল্পনা মাফিক সফলতার সাথে প্রশিক্ষণ প্রদানের জন্য একটি কার্যকরী প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুসরণ করে থাকে। এ ক্ষেত্রে এনআইএলজি, জেলা এবং উপজেলা প্রশাসনের সহযোগিতা গ্রহণ করে থাকে। চাহিদা নিরূপণের মাধ্যমে পরিকল্পনা প্রণয়ন করে জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষকগণের সমন্বয়ে প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা হয়। জেলা পর্যায়ে 'জেলা রিসোর্স টিম' এবং উপজেলা পর্যায়ে 'উপজেলা রিসোর্স টিম' এর কর্মকর্তাগণ এনআইএলজি থেকে প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) পেয়ে থাকেন। টিওটি প্রশিক্ষণ প্রদানের পরবর্তীতে মাঠ পর্যায়ে প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষকগণের মধ্যেমে সারাদেশে একই মানের প্রশিক্ষণ নিশ্চিত করা সম্ভব হচ্ছে। এছাড়াও প্রশিক্ষণ চলাকালীন, এনআইএলজি থেকে নিয়মিতভাবে কর্মকর্তাগণের উপস্থিতিতে মাঠ পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রমের মান নিশ্চিত করা হয়। এনআইএলজি'র প্রশিক্ষণ মান উন্নয়নে- পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা, বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিআরডিটিআই), খাদিমনগর, সিলেটসহ সমজাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলো বিভিন্ন বিষয়ে পরামর্শ ও সহায়তার প্রদান করে।

## উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান

নিয়মিত প্রশিক্ষণ প্রদানের পাশাপাশি এনআইএলজি বিভিন্ন জাতীয় এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের সাথে সমন্বিতভাবে বিষয়-ভিত্তিক প্রশিক্ষণ, কর্মশালা, সভা/সেমিনার এর আয়োজন করে। এনআইএলজি'র উল্লেখযোগ্য উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানসমূহ:

✓ জাইকা;
✓ ইউএনডিপি;
✓ ওয়ার্ল্ড ব্যাংক;
✓ ইউনিসেফ
✓ ডিএফআইডি
✓ ড্যানিডা

- ✓ সুইজারল্যান্ড সরকার (এসডিসি)
- ✓ হেলভিটাস
- ✓ ওয়াটার এইড বাংলাদেশ
- ✓ ম্যাক্স ফাউন্ডেশন
- ✓ ভিএনও
- ✓ অ্যাকশন এইড
- ✓ ব্রেকিং দ্য সাইলেন্স
- ✓ সুশীলন
- ✓ সিডিডি
- ✓ কেয়ার বাংলাদেশ
- ✓ প্রিপ ট্রাস্ট
- ✓ সেভ দ্য চিলড্রেন

ইত্যাদি।

## প্রশিক্ষণ পদ্ধতি

এনআইএলজি একটি যুগোপযোগী এবং আধুনিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান। বিভিন্ন আধুনিক প্রশিক্ষণ সারঞ্জামাদি, যন্ত্রাংশ এবং সুসজ্জিত শ্রেণীকক্ষে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। প্রশিক্ষণ প্রদানে উল্লেখযোগ্য পদ্ধতিসমূহ হলো-

- *সমসাথী শিখন (পিয়ার লার্নিং)*
- *আলোচনা*
- *কেইস স্টাডি*
- *দলীয় আলোচনা*
- *মুক্ত আলোচনা*
- *অভিজ্ঞতা বিনিময়*
- *ভূমিকা অভিনয়*
- *অনুশীলন*
- *সিমুলেশন*
- *ব্রেইন স্টর্মিং*
- *ফিল্ড ভিজিট*

## প্রশিক্ষণ উপকরণ

আধুনিক প্রায় সকল প্রকার প্রশিক্ষণ উপকরণ প্রশিক্ষণ পরিচালনায় ব্যবহৃত হয়। যেমন:

- হ্যান্ডবুক/মডিউল
- ইন্টারএক্টিভ বোর্ড
- মাল্টিমিডিয়া প্রজেক্টর
- হোয়াইট বোর্ড
- মার্কার
- ভিপ কার্ড
- ভিপ বোর্ড
- পোস্টার পেপার
- পোস্ট-ইট-পেপার
- ডট

ইত্যাদি।

# গবেষণা ও পরিকল্পনা বিভাগের কার্যক্রম

## গবেষণা বিভাগের কার্যক্রম

- ✓ স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও বিষয়ের উপর গবেষণা পরিচালনা করা;
- ✓ স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন সমস্যা ও বিষয়ের উপর বিভিন্ন গবেষণা প্রতিবেদন নিয়ে জার্ণাল প্রকাশ করা;
- ✓ প্রতিষ্ঠানের সাম্প্রতিক কর্মকান্ড নিয়ে নিউজলেটার প্রকাশ করা;
- ✓ স্থানীয় সরকার সংক্রান্ত বিভিন্ন পুস্তক, প্রশিক্ষণ ম্যানুয়াল ও প্রশিক্ষণ সহায়িকা প্রকাশ ও বিক্রয় করা;
- ✓ গবেষণা সংক্রান্ত জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন এবং কর্মশালা আয়োজন করা;
- ✓ দেশে ও বিদেশে শিক্ষা, প্রশিক্ষণ এবং গবেষণা প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ রক্ষা করা;
- ✓ দেশি ও বিদেশি বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে গবেষণা কার্যক্রম গ্রহণ;
- ✓ এছাড়া স্থানীয় সরকার বিষয়ক বিষয় ভিত্তিক গবষেণা পরিচালনা করা।

## এ পর্যন্ত সম্পন্নকৃত গবেষণা কর্ম

- ➢ ১৯৭২-৭৩ অর্থবছর হতে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত স্থানীয় সরকার বিষয়ক সর্বমোট ২৭৭টি গবেষণা পরিচালিত হয়েছে।
- ➢ গবেষণা প্রতিবেদনসমূহ এনআইএলজির লাইব্রেরিতে পাওয়া যাবে।
- ➢ এনআইএলজি'র ওয়েবসাইটের নিম্নোক্ত লিঙ্কে সম্পাদিত গবেষণাসমূহের তালিকা আপলোড করা হয়েছে।

www.nilg.gov.bd > গবেষণা ও পরিকল্পনা > সম্পন্নকৃত গবেষণা কর্ম

## পরস্পরিক শিখন কর্মসূচি


- ➢ পারস্পরিক শিখন কর্মসূচি (এইচএলপি) একটি ফলাফল ও অভিজ্ঞতাভিত্তিক সমসাথী শিখন (Peer Learning) কার্যক্রম, যা প্রশংসা (Appreciation), সংযোগ

স্থাপন (Connection), খাপ খাওয়ানো (Adaptation) এবং রূপায়ন (Replication) অর্থাৎ (A CAR) নীতি অনুযায়ী ভালো শিখনসমূহ রেকর্ডভুক্ত করে এবং পরবর্তিতে নীতি নির্ধারকগণের সামনে উপস্থাপন করাসহ সংশ্লিষ্ট বিধি/পরিপত্র প্রণয়নে সহায়তা করার সক্ষমতা অর্জন করে।


- এ কার্যক্রমের মাধমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পরস্পরের সাথে সংযোগ সাধন ও অভিজ্ঞতা বিনিময় করে ভাল শিখনসমূহ (Good Practices) চিহ্নিত করা হয়।
- স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ চিহ্নিত ভাল শিখনসমূহ সমসাথীদের নিকট থেকে ভালভাবে শিখে নিজ নিজ এলাকায় রূপায়ণের প্রচেষ্টা গ্রহণ করে। যার ফলে, প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন কার্যক্রম পরিচালন সক্ষমতা বেড়ে যায়, সর্বোপরি এলাকাবাসীর জীবন মানের উন্নয়ন ঘটে।

## এইচএলপি কেন প্রয়োজন

১. স্থানীয় সকার প্রতিষ্ঠানসমূহকে ভালো কাজ চিহ্নিতকরণে সহায়তা করা ;
২. চিহ্নিত ভাল কাজসমূহকে প্রতিষ্ঠান থেকে প্রতিষ্ঠানে ছড়িয়ে দেয়া;
৩. এইচএলপি বাস্তবায়নের প্রক্রিয়াকে প্রাতিষ্ঠানিকিকরণ করায় সহায়তা দেয়া ;
৪. স্থানীয় সরকার বিভাগের কাছ থেকে স্থানীয় সকার প্রতিষ্ঠানসমূহকে পুরস্কৃত করা।



## কর্মসূচি ও মূল্যায়ন বিভাগের কার্যক্রম




- ✓ স্থানীয় সরকার প্রতিষ্ঠানের জনপ্রতিনিধি, কর্মকর্তা-কর্মচারিদের জন্য আয়োজিত প্রশিক্ষণ মূল্যায়ন;
- ✓ এনআইএলজি সম্প্রসারণ ও শক্তিশালীকরণে উদ্যোগ গ্রহণ;
- ✓ স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং এনআইএলজি শক্তিশালীকরণে উন্নয়ন সহযোগী সংস্থার সাথে যৌথ প্রকল্প বাস্তবায়ন;
- ✓ প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন, তত্ত্বাবধান ও সমন্বয়ের দায়িত্ব পালন;
- ✓ কর্মসূচি প্রণয়নে চলতি তথ্য প্রদানের জন্য ডকুমেন্টেশন সেন্টারকে নির্দেশনা প্রদান;
- ✓ প্রতিটি প্রশিক্ষণ অনলাইনে নিবন্ধন ও মূল্যায়ন;
- ✓ মূল্যায়ন প্রক্রিয়ায় এনআইএলজি'র প্রশিক্ষণ মূল্যায়ণ নীতিমালা ২০২১ অনুসরণ।

## প্রাতিষ্ঠানিক সুবিধাদি

### স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এনআইএলজি'র ভূমিকা

- ❖ জন্ম-মৃত্যু নিবন্ধন সম্পর্কিত পাইলটিং কার্যক্রম গ্রহণ এবং এর ফলাফল মোতাবেক বর্তমানে দেশব্যাপী কার্যক্রম চলমান রয়েছে;
- ❖ ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) সম্পর্কিত পাইলটিং এবং পরবর্তীতে দেশব্যাপী ইউডিসি সম্প্রসারণ;



- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহারে সকল প্রশিক্ষণার্থীদের দক্ষতা উন্নয়ন;
- নিজস্ব সম্পদ আহরণে প্রযুক্তির ব্যবহারে উৎসাহিতকরণ;
- ভালো শিখন/চর্চাসমূহ দেশব্যাপী ছড়িয়ে দেয়া;
- জনঅংশগ্রহণ সম্পর্কিত প্লাটফরম (ওয়ার্ড সভা, টিএলসিসি ইত্যাদি) বিষয়ে স্থানীয় সরকারকে কারিগরি সহায়তা প্রদান।

## গ্রন্থাগার

এ প্রতিষ্ঠানে একটি বিষয়-ভিত্তিক তথ্য সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। এটি স্থানীয় সরকার বিষয়ে বাংলাদেশের একমাত্র বিশেষায়িত গ্রন্থাগার। প্রয়োজনে অংশগ্রহণকারীগণ গ্রন্থাগারটি ব্যবহার করতে পারবেন। এখানে স্থানীয় সরকার সম্পর্কিত আইন সংকলন, বিধি, গ্রন্থ/পুস্তিকা/জার্নাল ও গবেষণামূলক প্রবন্ধ সংরক্ষিত আছে। এছাড়া গ্রন্থাগারটিতে ১৩ (তের) টি দৈনিক পত্রিকা ও ০৪ (চার) টি বিদেশি পত্রিকা রাখা হয়। একাডেমিক ভবনের নীচতলায় গ্রন্থাগারটি অবস্থিত। ছুটির দিন ব্যতীত সাধারণত সকাল ৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত গ্রন্থাগার খোলা থাকে।

## প্রকাশনা

এ প্রতিষ্ঠান থেকে একটি ষাণ্মাসিক সাময়িকী The Journal of Local Government প্রকাশিত হয়। এতে সাধারণত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন, সমাজ বিজ্ঞান ও প্রশাসনের বিভিন্ন দিক সম্পর্কে প্রবন্ধ ছাপা হয়। প্রশিক্ষণার্থীগণ ইনস্টিটিউটের প্রকাশনা শাখা থেকে বই ও জার্নাল ক্রয় করতে পারবেন। এছাড়াও NILG নিউজলেটার নামে একটি ত্রৈমাসিক পত্রিকা প্রকাশিত হচ্ছে।

## ডকুমেন্টেশন

এনআইএলজি'র সকল বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ ডকুমেন্ট এখানে সংরক্ষণ করা হয়। স্থানীয় সরকারের আইন নীতি, নির্দেশিকা, পরিপত্র ইত্যাদি সংরক্ষণ ও অনলাইনে প্রাপ্তির ব্যবস্থা করা হয়। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জনপ্রতিনিধি ও কর্মকর্তা, কর্মচারীগণের ব্যক্তিগত ডাটাবেজ ERP সফটওয়ার এর মাধ্যমে ডকুমেন্টেশন সেন্টার থেকে পরিচালনা করা হয়। এটি প্রশাসনিক ভবনের ৫ম তলায় অবস্থিত।

## নামাজ ঘর

ইনস্টিটিউটের ২য় তলায় গ্রন্থাগার বরাবর উপরে একটি নামাজ ঘর আছে। অংশগ্রহণকারীগণ সেখানে নামাজ আদায় করতে পারবেন।

## টেলিভিশন কক্ষ

ইনস্টিটিউটের হোস্টেল ভবনের ২য় তলায় টেলিভিশন কক্ষ রয়েছে। ইচ্ছুক অংশগ্রহণকারীগণ নির্ধারিত সময়ে ঐ কক্ষে টেলিভিশন দেখতে পারবেন। প্রশিক্ষণার্থীগণের বিনোদনের জন্য এখানে দু'টি জাতীয় সংবাদপত্র রাখা হয়।

## জিম/শরীর চর্চা

ইনস্টিটিউটের একাডেমিক ভবনের ২য় তলায় একটি ইনডোর জিম/শরীর চর্চা কেন্দ্র আছে। ইচ্ছুক প্রশিক্ষণার্থীগণ নির্ধারিত সময়ে ঐ কক্ষে শরীর চর্চা করতে পারেন। এছাড়াও ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত বুনিয়াদী প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের জন্য নির্ধারিত একজন প্রশিক্ষক দ্বারা প্রতিষ্ঠানের ক্যাম্পাসে ভোর ৬.৩০ থেকে ৭.৩০ পর্যন্ত (আউটডোর) শরীর চর্চার ব্যবস্থা রয়েছে। উল্লেখ্য, আউটডোর শরীরচর্চায় অংশগ্রহণ প্রশিক্ষণার্থীগণের জন্য বাধ্যতামূলক।

## স্বাস্থ্য সেবা

অংশগ্রহণকারীগণের চিকিৎসা সম্পর্কিত সেবা প্রদানের জন্য একজন খন্ডকালীন ডাক্তার নিয়োজিত আছেন। তিনি হোস্টেল ভবনের নিচতলায় অর্ভ্যথনা কক্ষের পাশে চেম্বার পরিচালনা করেন। স্বাস্থ্য-সেবা সংক্রান্ত যে কোন প্রয়োজনে জনাব ডা: মো: ওবায়দুল্লাহ, মেডিকেল অফিসার, এনআইএলজি, মোবাইল-০১৭১১২৩৫৩০৮ এর সাথে যোগাযোগ করা যাবে।



# গুগল ম্যাপে এনআইএলজি




*ল্যান্ড মার্ক: ইসলামিক ফাউন্ডেশন এর রাস্তায় নির্বাচন কমিশন/আইসিটি টাওয়ার/বিসিসি ভবন/পিএসসি ভবন/ইউজিসি ভবন এর খুবই সন্নিকটে।*

# নিকটবর্তী দর্শনীয় স্থান

- ❖ বিসিএস কম্পিউটার সিটি, আগারগাঁও (দূরত্ব: ৩০০ মিটার), সোমবার-শনিবার, সকাল ১০.০০ থেকে রাত ৮.০০ পর্যন্ত।
- ❖ মেট্রোরেল- আগারগাঁও স্টেশন (দূরত্ব: ৩০০ মিটার)
- ❖ বাংলাদেশ বিমান বাহিনী যাদুঘর, আগারগাঁও (দূরত্ব: ৩০০ মিটার), সোমবার-শনিবার, দুপুর ২.০০ থেকে রাত ৮.০০ পর্যন্ত।
- ❖ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘর (দূরত্ব: ২০০ মিটার), শনিবার-বুধবার, সকাল ৯.০০ থেকে বিকাল ৪.০০ পর্যন্ত।
- ❖ মুক্তিযুদ্ধ যাদুঘর, আগারগাঁও (দূরত্ব: ৫০০ মিটার), সোমবার-শনিবার, সকাল ৯.০০ থেকে বিকাল ৫.০০ পর্যন্ত।
- ❖ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভো-থিয়েটার (দূরত্ব: ৪.৭ কি.মি), বৃহস্পতিবার-মঙ্গলবার, সকাল ১০.৩০ থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত।

- বঙ্গবন্ধু সামরিক যাদুঘর (নভো থিয়েটার এর পাশে) (দূরত্ব: ৪.৫ কি.মি), বৃহস্পতিবার-মঙ্গলবার, সকাল ১০.৩০ থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত, শুক্রবার বিকাল ৩.০০ থেকে রাত ৮.০০ পর্যন্ত।
- জাতীয় সংসদ ভবন (দূরত্ব: ৪.৭ কি.মি)।

## নিকটবর্তী জনসেবা

- জনতা ব্যাংক, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন শাখা, আগারগাঁও (দূরত্ব: ৫০ মিটার)।
- সোনালী ব্যাংক, পিএসসি শাখা, আগারগাঁও (দূরত্ব: ৫০ মিটার)।
- প্রায় সকল বেসরকারী ব্যাংক এর শাখা এবং এটিএম বুথ, শ্যামলী (দূরত্ব: ২ কি.মি.)।
- নির্বাচন কমিশন ভবন, আগারগাঁও, (দূরত্ব: ৫০ মিটার)।
- পাসপোর্ট অফিস, আগারগাঁও, (দূরত্ব: ২০০ মিটার)।
- তথ্য কমিশন, আগারগাঁও, (দূরত্ব: ১.৫ কি.মি)।

## নিকটবর্তী স্বাস্থ্যসেবা

- প্রবীণ হাসপাতাল, আগারগাঁও (দূরত্ব: ১০০ মিটার)।
- ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসাইন্স ও হাসপাতাল, আগারগাঁও (দূরত্ব: ২০০ মিটার)।
- জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট, আগারগাঁও, (দূরত্ব: ১.৫ কি.মি)।
- ইএনটি এবং হেড-নেক ক্যান্সার হাসপাতাল, আগারগাঁও, (দূরত্ব: ২ কি.মি)।
- শিশু হাসপাতাল, শ্যামলী-শিশুমেলা, (দূরত্ব: ১.৫ কি.মি)।
- জাতীয় অর্থোপেডিক হাসপাতাল (পঙ্গু হাসপাতাল), (দূরত্ব: ২ কি.মি)।
- ইবনে-সিনা মেডিকেল কলেজ-হাসপাতাল, কল্যানপুর (দূরত্ব: ২.২ কি.মি)।
- বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতাল, শ্যামলী, (দূরত্ব: ২ কি.মি)।




**প্রচ্ছদ পরিকল্পনা এবং প্রণয়নে:**
**মো. ইমরানুর রহমান (ইমরান)**
গবেষণা কর্মকর্তা
এনআইএলজি

**সার্বিক সহযোগিতায়:**
**মনোজ কুমার রায়**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
এনআইএলজি

**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**
২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোন: ৫৫০০৬৯৮৮
ই-মেইল: nilgbd@gmail.com, nilgbd@yahoo.com
ওয়েব: www.nilg.gov.bd
ফেসবুক: www.facebook.com/NILGBD